# Times Today BD

সিনিয়র রিপোর্টার | খেলা | 06 April, 2025

প্রতিপক্ষ দলের কোচের নাক টিপে ফের বিতর্কের জন্ম দিয়েছিলেন খ্যাতনামা কোচ জোসে মরিনিও।তখনই ধারণা পাওয়া যাচ্ছিল নিষেধাজ্ঞার খড়্গ নামতে পারে তার ওপর।এবার সেটাই সত্যি হলো।৩ ম্যাচের জন্য মরিনিওকে নিষিদ্ধ করেছে তুরস্ক ফুটবল ফেডারেশন।এছাড়াও ২ লাখ ৯২ হাজার ৫০০ লিরা (তুরস্কের মুদ্রা) জরিমানা হয়েছে, বাংলাদেশি মুদ্রায় যা প্রায় ৯ লাখ ৩২ হাজার টাকা।

একসময় নিজের ফুটবল কৌশল দিয়ে আলোচনায় থাকতেন মরিনিও।রিয়াল মাদ্রিদ, চেলসি, ইন্টার মিলানের মতো ক্লাবে নিজের প্রতিভার স্বাক্ষর রেখেছেন।পোর্তোর মতো ক্লাবকে জিতিয়েছেন চ্যাম্পিয়ন্স লিগ শিরোপা।স্বর্ণযুগ পেছনে ফেলে আসা ম্যানচেস্টার ইউনাইটেডকেও তিনটি ট্রফি জিতিয়েছেন এই পর্তুগিজ কোচ।

অথচ সেই 'স্পেশাল ওয়ান' মরিনিও মানেই এখন বিতর্ক।কখনো রেফারির সঙ্গে তর্কে জড়িয়ে, কখনো অন্য দলের খেলোয়াড়ের উদ্দেশে আপত্তিকর মন্তব্য করে খবরের শিরোনাম হয়েছেন।এবার টার্কিশ কাপে ইস্তাম্বুল ডার্বিতে প্রতিপক্ষ কোচকে শারীরিকভাবে আঘাত করেছেন।

ঘরের মাঠ সুকরু সারাকোগলু স্টেডিয়ামে টার্কিশ কাপের কোয়ার্টার ফাইনালে মুখোমুখি হয়েছে ফেনারবাচে-গালাতাসারাই।এই ম্যাচে গ্যালাতাসারাই কোচ ওকান বুরুকের নাক দুই আঙুল দিয়ে টিপে ধরেন মরিনিও।যে কারণে এখন কঠিন শাস্তি পেতে হলো তাকে।

মরিনিওর সহকারী সালভাতোর ফোতিও পার পাননি।গালাতাসারাইয়ের এক খেলোয়াড়কে অপমান করার দায়ে ফোতিকে চার ম্যাচ নিষিদ্ধ করা হয়েছে।

ওকান বুরুকের নাক টিপে ধরাকে মরিনিওর অখেলোয়াড়সুলভ আচরণ হিসেবে বিবেচনা করে তুরস্ক ফুটবল ফেডারেশন জানিয়েছে, 'জোসে মরিনিও পরবর্তী তিন প্রতিযোগিতামূলক ম্যাচে দলের ড্রেসিংরুমে ও টাচলাইনে থাকতে পারবেন না।

প্রসঙ্গত, বরাবরের মতো এবারও ইস্তাম্বুল ডার্বিতে উত্তাপ ছড়িয়েছে বেশ।টার্কিশ কাপের এই ম্যাচে লাল কার্ড দেখেছেন তিন ফুটবলার।তিন ফুটবলারের দুইজন গালাতাসারাইয়ের এবং অপরজন ফেনারবাচের।নির্ধারিত ৯০ মিনিটের পর অতিরিক্ত সময়ে সংঘর্ষে জড়িয়েই তিন ফুটবলার লাল কার্ড দেখেছিলেন।ম্যাচটিতে ১-২ গোলে হেরেছে মরিনিওর ফেনারবাচে।

জোসে মরিনিও তুরস্ক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 00:05